69

03 MAR 1994

তারিখ ...03 MAR 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

দৈনিক সংবাদ

# মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে নতুন বিষয় চালু

নীলফামারী, ২রা মার্চ (জেলা বার্তা পরিবেশক)।— কারিগরি শিক্ষা ব্যবস্থার পাশাপাশি মাধ্যমিক স্কুল ও মাদ্রাসার নবম শ্রেণীর ছাত্র–ছাত্রীদের জন্য পরীক্ষামূলক-ভাবে ঐচ্ছিক বিষয় হিসেবে "কারিগরি বৃত্তিমূলক বেসিক ট্রেড কোর্স" নামে একটি নতুন বিষয় এ বছর (৯৪) হতে সংযোজন করা হয়েছে।

নতুন এই বিষয়ে ছাত্র–ছাত্রীদের ক্লাস গত ৩রা ফেব্রুয়ারি আনুষ্ঠানিকভাবে নীলফামারী ভকেশনাল ট্রেনিং ইন্স-টিটিউটে শুরু করা হয়েছে এবং এতে শহরের ৭টি বিদ্যালয় ও মাদ্রাসার ৪৫ জন ছাত্র–ছাত্রী ভর্তি হয়েছে।

উল্লেখ্য, এই বিষয়ে ৪০ নম্বরের অতিরিক্ত নম্বর পরীক্ষায় প্রাপ্তির মোট নম্বরের সাথে যোগ করা হবে।